

প্রিয় বাবা-মা বা অভিভাবক,

প্রতি বছর, ইংরেজি শিক্ষালাভের কর্মসূচীর শিক্ষার্থীরা অ্যাক্সেস ফর ইএলএলস ভাষায় ব্যুৎপত্তির পরীক্ষা গ্রহণ করে। পরীক্ষাটি আমাদের স্কুল এবং আমাদের রাজ্যের সর্বত্র ইংরেজি শেখা শিক্ষার্থীদের শিক্ষাগত ইংরেজি ভাষায় ব্যুৎপত্তি পরিমাপ করে।

এই চিঠিটির সাথে ব্যক্তিবিশেষ শিক্ষার্থীর একটি রিপোর্ট আছে। এই রিপোর্টটি আপনার সন্তানের পরীক্ষার ফলের বিষয়ে তথ্য প্রদান করে। এই তথ্য আপনার পর্যালোচনা এবং রেখে দেওয়ার জন্য।

আমাদের স্কুলের শিক্ষকেরা আপনার সন্তানের নির্দেশনার বিষয়ে সিদ্ধান্তগুলি গ্রহণ করায় তাদের সাহায্যের জন্য এই তথ্য ব্যবহার করেন। এছাড়া আপনার সন্তান ইংরেজিতে ব্যুৎপত্তির বিষয়ে যে অগ্রগতি করেছে তা নিরীক্ষণ করার জন্য শিক্ষকেরা এগুলি ব্যবহার করেন।

যদি আপনার অ্যাক্সেস ফর ইএলএলস পরীক্ষার বিষয়ে কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে আমার সাথে যোগাযোগ করুন। আপনি হয়ত জানতে চাইবেন:

- কিভাবে শিক্ষকেরা পরীক্ষার ফলগুলি ব্যবহার করেন?
- আমার সন্তানের জন্য ইংরেজির লক্ষ্যগুলি কি?
- ইংরেজি ছাড়া, স্কুলে আমার সন্তান আর কি কি শেখে?

আন্তরিকভাবে